



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

সেক্রেটারীজ ডিভিশন

৮, রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০।

বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালনা বোর্ডের ০২.১১.২০১৭ তারিখে অনুষ্ঠিত ৫২০তম সভায় আইসিবি-র শেয়ারের উপর ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য ৩০% নগদ এবং ৫% স্টক লভ্যাংশ প্রদানের সুপারিশ করা হয়েছে। ২৩.১২.২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য ৪১তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারমালিকগণ কর্তৃক বোর্ডের উক্ত সুপারিশকৃত লভ্যাংশ অনুমোদিত হবে। ২৬.১১.২০১৭ তারিখের রেকর্ড ডেটে যে সকল শেয়ারমালিক আইসিবি-র শেয়ার ধারণ করবেন তাঁরা উক্ত লভ্যাংশ প্রাপ্য হবেন। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ১৪.০৫.২০১৫ তারিখের এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৬৯ নং নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট ব্রোকারেজ হাউজের মাধ্যমে যে সকল গ্রাহক মার্জিন ঋণ গ্রহণ করে আইসিবি-র শেয়ার ক্রয় করেছেন, সে সকল ধারকগণের বিও হিসাবের তালিকাসহ একটি চেক বা ডিভিডেন্ড ওয়ারেন্টের মাধ্যমে তাঁদের সংশ্লিষ্ট ডিপিতে লভ্যাংশ প্রেরণ করা হবে। এছাড়া, যে সকল শেয়ারমালিক আইসিবি-র শেয়ার ক্রয়ের ক্ষেত্রে মার্জিন ঋণ গ্রহণ করেন নি, সে সকল শেয়ারমালিকগণকে তাঁদের স্ব-স্ব ব্যাংক একাউন্ট/ঠিকানায় লভ্যাংশ প্রেরণ করা হবে। এ লক্ষ্যে ২৬.১১.২০১৭ তারিখ রেকর্ড ডেট অনুযায়ী মার্জিন ঋণ গ্রহণকৃত শেয়ারমালিকের তালিকা আগামী ০৬.১২.২০১৭ তারিখের মধ্যে আইসিবি-র সেক্রেটারীজ ডিপার্টমেন্টে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল ব্রোকারেজ হাউজগুলোকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

(মোঃ রফিক উল্লাহ)

সচিব

ফোন নং- ৯৫৭৩৩১৯

ই-মেইলঃ dgm_secretary@icb.gov.bd

তারিখ: ২৩/১১/২০১৭